




# বাংলাদেশের ডলফিন ও তিমি



বাংলাদেশের নদীগুলোতে ও বঙ্গোপসাগরে নানা জাতের  
ডলফিন আছে। গভীর সমুদ্রে আরও আছে ডলফিনেরই  
জাতভাই, তিমি।






ডলফিন আর তিমি জ্ঞাতে মাছ না,  
এরা তোমার আমার মতই স্তন্যপায়ী প্রাণী,  
এদেরকে নিশ্বাস নিতে পানির  
উপরে আসতেই হয়।

ডলফিন ও তিমির লেজ চ্যাপ্টা এবং উপর নিচে নড়ে।  
অন্যদিকে মাছেদের লেজ খাড়াখাড়ি ও বামে ডানে নড়ে।





ডলফিন ও তিমি সারা জীবন পানিতে বসবাস করে।  
জন্ম, শিশুকে দুধ খাওয়ানো, সবই হয় পানির তলায়।



শুশুক একটি মিষ্টি পানির ডলফিন, যা আমাদের বড় নদীগুলোতে দেখা যায়। এই ডলফিনটি প্রায় অন্ধ।



শুশুকেরা শব্দ তরঙ্গ ছুড়ে মাছ শিকার করে ও ঘোলা পানিতে পথ খুঁজে পায়। একে বলে ইকোলোকেশন, একই পদ্ধতি যা ব্যবহার করে বাদুর অন্ধকারে দেখতে পায়।

মানুষের মাছ প্রয়োজন, ডলফিন ও তিমিদেরও তাই। কিন্তু যখন ডলফিন বা তিমি আমাদের মাছ ধরা জালে আটকে পড়ে, নিশ্বাস নিতে না পেয়ে এরা মারা যায়। এই আশ্চর্য প্রাণীদেরকে যদি আমরা জালে আটকে, নদীতে বাঁধ দিয়ে বা পানি দূষনের মাধ্যমে মারতে থাকি, তবে শীঘ্রই এরা বিলীন হয়ে যাবে।



**বাংলাদেশের জলজ স্তন্যপায়ী প্রাণীবৈচিত্র প্রকল্প**  
**BANGLADESH CETACEAN DIVERSITY PROJECT**

স্থানীয় জনসাধারণ ও প্রতিষ্ঠানের সাথে যুক্ত হয়ে বাংলাদেশের জলজ স্তন্যপায়ী প্রাণীবৈচিত্র ও প্রাচুর্যরক্ষা করাই আমাদের উদ্দেশ্য

Plot-111, Holding-5, Road-2, Shonadanga R/A, Khulna, Bangladesh, Phone: +88 01713 228800